গাংনী থেকে দুই মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে দু মাদক ব্যবসায়ীকে গ্রেপ্তার করেছে। এরা হচ্ছে- কুষ্টিয়ার মিরপুর উপজেলার সদরপুর গ্রামের মাসুদ রেজার ছেলে মনোয়ার(২৭) ও একই গ্রামের খলিলুর রহমানের ছেলে জসিম(২৫)।

বৃহষ্পতিবার গভীর রাতে বামন্দি পুলিশ ক্যাম্পের একটি টীম এদেরকে মথুরাপুর রাস্তা থেকে গ্রেপ্তার করে। উদ্ধার করা হয় ১৩ বোতল ফেনসিডিল।

গাংনী থানার ওসি (তদন্ত) সাজেদুল ইসলাম জানান, গ্রেপ্তারকৃত দুজন ফেনসিডিল নিয়ে আসছে মর্মে সংবাদ পেয়ে বামন্দি পুলিশ ক্যাম্প ইনচার্জ বরকত ও সঙ্গীয় ফোর্স অভিযান চালিয়ে তাদেরকে গ্রেপ্তার করে। শুক্রবার তাদেরকে আদালতে প্রেরণ করা হয়েছে।
- গাংনী প্রতিনিধি

নতুন কমিটি না হওয়ায় সাংগঠনিক কার্যক্রম ব্যহত হচ্ছে

কমিটি বিলুপ্ত ঘোষনার ৬ মাস পেরিয়ে গেলেও মেহেরপুর সরকারি কলেজ ও মুজিবনগর সরকারি ডিগ্রী কলেজ ছাত্রলীগের কমিটি দেওয়া হয়নি। এছাড়া গাংনী উপজেলা ছাত্রলীগের কমিটির মেয়াদও শেষ হয়েছে।

ফলে সাংগঠনিক কার্যক্রমে গতিশীলতা আসছে না বলে মন্তব্য করেছে ছাত্রলীগ নেতারা। তবে চলতি মাসেই নতুন কমিটির দেওয়ার আশ্বাস দিলেন জেলা কমিটির সভাপতি-সম্পাদক।

জানা গেছে, চলতি বছরের জুলাই মাসে ২২ তারিখে মেহেরপুর সরকারি কলেজ ও একই মাসের ৩০ তারিখে মুজিবনগর সরকারি ডিগ্রী কলেজ ছাত্রলীগের আগের কমিটি বিলুপ্ত ঘোষনা করে জেলা ছাত্রলীগ।

- মর্তুজা ফারুক রুপক

মেহেরপুরে ট্রাফিক পুলিশের দুই জনের পদোন্নতি লাভ

মেহেরপুর ট্রাফিক পুলিশের এক কনষ্টেবল কামাল হোসেন ও এটিএসআই উত্তম কুমার পদোন্নতি লাভ করেছেন।

কনষ্টেবল কামাল হোসেন এটিএসআই পদে ও উত্তম কুমার টিএসআই পদে পদোন্নতি লাভ করেছেন। তাঁরা পদোন্নতি লাভ করায় তাদের পুলিশ সুপার দুইজনকে কে র্যাংক ব্যাজ পরানো হয়েছে।

বৃহস্পতিবার দুপুরে মেহেরপুর পুলিশ সুপারের কক্ষে পুলিশ সুপার এস এম মুরাদ আলী তাদের দুইজনকে পদোন্নতির ব্যাজ পরিয়ে দেন। এ সময় অতিরিক্ত পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম সেখানে উপস্থিত ছিলেন।
- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে খাদ্যশস্য সংগ্রহ ও মনিটরিং কমিটির সভা

মেহেরপুর জেলা খাদ্যশস্য সংগ্রহ ও মনিটরিং কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।
বৃহস্পতিবার বিকেলে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা প্রশাসক মো: আতাউল গনির সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় অন্যদের মধ্যে বক্তব্য দেন সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা মাসুদুল আলম, জেলা খাদ্য কর্মকর্তা আব্দুল হামিদ, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রশিক্ষণ কর্মকর্তা স্বপন কুমার খান, মিল

মালিক সাফুয়ান আহমেদ রূপক প্রমূখ। সভায় চলতি মৌসুমে ধান ও চাল সংগ্রহ নিয়ে বিভিন্ন আলোচনা করা হয়।
- নিজস্ব প্রতিনিধি

আমঝুপিতে জাতীয় নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের সভা

মেহেরপুর সদর উপজেলার আমঝুপিতে জেলা নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের জেলা ও সদর উপজেলা কমিটির একসভা অনুষ্ঠিত হয়।

গতকাল বৃহস্পতিবার সকাল ১০টার দিকে মানব উন্নয়ন কেন্দ্র (মউক)এর মিলনায়তনে এসভা অনুষ্ঠিত হয়।

জেলা কমিটির সভাপতি রফিকুল আলমের সভাপতিত্বে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন সদর উপজেলা কমিটির সভাপতি মোঃ আমিনুল ইসলাম খোকন, মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম, নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের সদস্য মে:◌ঃ আব্দুর রকিব, আরিফ শাহ, আব্দুর রহিম প্রমুখ।

মউক এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম সভায় মেহেরপুর জেলার বিভিন্ন পর্যায়ে নারী নির্যাতনের চিত্র ও ঘটনা তুলে ধরে বক্তব্য রাখেন । সভায় সকল প্রকার পারিবারিক সহিংসতা প্রতিরোধে জেএনএনপিএফ কমিটির সহায়তায় মউক, শিশু ও নারী নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ প্রতিরোধ সহ স্থানীয়ভাবে সালিসের মাধ্যমে আপোষ মিমাংসার চিত্র তুলে ধরা হয়। মেহেরপুর জেলাকে আগামী ২০২০ সালে নারী ও শিশু নির্যাতন মুক্ত জেলা হিসাবে দেখার আশাবাদ ব্যক্ত করেন।

অনুষ্ঠানটি পরিচালনা করেন প্রকল্পের প্রোগ্রাম ম্যানেজার নাসিরা আখতার ও নাসেদা আক্তার উর্মি।

- আমঝুপি প্রতিনিধি

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

-[redacted]

[redacted]

তাপমাত্রা ৭ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস,

বৃহস্পতিবার চুয়াডাঙ্গায় দেশের সর্বনিম্ম তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৭ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস। গত তিনদিন ধরে তীব্র শীত অনুভুত হচ্ছে। এতে নিম্ম আয়ের মানুষ পড়েছেন দুর্ভোগে। চুয়াডাঙ্গার হাসপাতালগুলো শীতজনিত রোগির সংখ্যা বেরে গেছে।

চুয়াডাঙ্গা আবহাওয়া অফিস সুত্র জানায়, বৃহস্পতিবার সকাল ৯টায় চুয়াডাঙ্গার সর্বনিম্ম তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৭ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস। আগের দিন তাপমাত্রা ছিল ১১ দশমিক ৯ ডিগ্রি সিলসিয়াস। একদিনের ব্যবধানে তাপমাত্রা হঠাৎ অনেক কমে যাওয়ায় দুর্ভোগ বেড়েছে শিশু ও বয়স্কদের। শিশু ও বয়স্করা শীতজনিত রোগে আক্রান্ত হচ্ছে।

সংশ্লিষ্টরা বলছেন, শীতের তীব্রতা বাড়ার কারণে নিম্ম আয়ের মানুষেরা বিপাকে পড়েছেন। শ্রমজীবী মানুষের কর্মক্ষেত্রে যেতে পারছেন না। এদিকে চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের উদ্যোগে বুধবার রাতে জেলার নিম্ম আয়ের মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে। শীতবস্ত্র বিতরণের সময় জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার বলেন, পর্যায়মে জেলার সব এলাকায় শীতবস্ত্র বিতরণ করা হবে।

এদিকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালের ডায়রিয়া ওয়ার্ডে গত ২৪ ঘন্টায় ভর্তি হয়েছে ২২ ডায়রিয়া রোগি। তীব্র শীতের কারণেই ডায়রিয়া আক্রান্ত হচ্ছে মানুষ। এছাড়া ২৪ ঘন্টায় শীতজনিত রোগে শতাধিক রোগি হাসপাতালে ভর্তি হয়েছে। চুয়াডাঙ্গা শিশু ওয়ার্ডেও রোগির চাপ বেড়েছে।
চুয়াডাঙ্গা আবহাওয়া অফিসের ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. সামাদুল হক জানান, আগামী ২-৩ দিন চুয়াডাঙ্গায় তাপমাত্রা কম থাকবে।
– চুয়াডাঙ্গা প্রতিনিধি

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সরেজমিনে তার কর্মস্থল থেকে জানাযায়, ২০১৮ সালে মাদকসহ আটক হলেও সে জামিনে এসে বিদ্যালয়ে যোগদান করে। বিদ্যালয়ের শিক্ষক হাজিরা খাতায় জানুয়ারী ১ তারিখ থেকে ২৪ তারিখ পর্যন্ত সাইনের স্থান ফাকা রেখে ২৬ তারিখ থেকেই হাজিরা খাতায় স্বাক্ষর করা হয়েছে। তৎকালীন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার জেসের আলীর ১৭/০২/১৯ইং তারিখে স্বাক্ষরিত একটি অফিস আদেশে বলা হয়েছে ৩১ ডিসেম্বর ২০১৮ইং তারিখে আটক হওয়ার কথা বলা হয়েছে।

চুড়ান্ত প্রতিবেদ না হওয়া পর্যন্ত সকল কার্যক্রম পরিচালনা করতে পারবে। সেই অফিস আদেশ হাজিরা খাতার শেষের পাতায় রাখা হয়েছে। মাদকসহ হাতেনাতে আটক হওয়ার পরেও তখনই কেনো কোন ব্যবস্থা গ্রহন করা হয়নি এবিষয়ে কেউই কিছু বলতে পারেনি।

প্রধান শিক্ষক হারুন অর রশিদ বলেন আমি ঘটনা জানার পরেই অফিসারকে অবহিত করি। ইতোপূর্বে যখন আটক হয়েছিলো তখনই আমি শিক্ষা অফিসে জানিয়েছি তার বিরুদ্ধে যে কোন ব্যবস্থা নিতে পারে উপজেলা বা জেলা প্রাথমিক শিক্ষা অফিসার।

উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) এহসানুল হাবিব জানান, আমি ঐ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের মাধ্যমে ১৫ ডিসেম্বর জানতে পারি আমি তখনই জেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে অবহিত করতে পত্র প্রেরণ করেছি। পরবর্তিতে জেলা অফিস থেকে যে নির্দেশনা আসবে সেটাই বাস্তবায়ন করা হবে। তবে এটা খুবই লজ্জাজনক বিষয়। মাদকের বিরুদ্ধে সরকার কঠিন অবস্থানে আর একজন শিক্ষক সরকারী প্রতিষ্ঠানে চাকরী করে এরকম ঘৃণ্য কাজ কিভাবে করে?

- নিজস্ব প্রতিনিধি

প্রায় ১২বছর বন্ধ মেহেরপুর সোনালী ব্যাংকের আঞ্চলিক অফিস

মেহেরপুর সোনালী ব্যাংকের আঞ্চলিক অফিসের কার্যক্রম বন্ধথাকায় টাকা উত্তল ও জমা ছাড়া কোন সেবা সঠিক ভাবে পাচ্ছেনা গ্রাহকরা।

সুবিধা প্রদান ও ব্যাংকে বানিজ্য মুখি করে তোলার জন্য আঞ্চলিক আফিসটি দ্রুত স্থাপনের প্রয়োজন।

মেহেরপুর সোনালী ব্যাংকের প্রিন্সিপল অফিসার মো: কামাল হোসেন বলেন, উদ্ধতন কর্তৃপক্ষের অনুমতি ছাড়া এ বিষয়ে মন্তব্য করা সম্ভাব নয়।

অভিশংসিত হলেন ডোনাল্ড ট্রাম্প

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে ইমপিচমেন্ট প্রস্তাব সংখ্যাগরিষ্ঠ ভোটে অনুমোদিত হয়েছে মার্কিন।প্রতিনিধি পরিষদে। যুক্তরাষ্ট্রের ইতিহাসে তৃতীয় প্রেসিডেন্ট হিসেবে অভিশংসিত হলেন ডোনাল্ড ট্রাম্প।

প্রেসিডেন্ট ট্রাম্পকে ইমপিচ করতে যে পরিমাণ ভোট প্রয়োজন, হাউজ অব রিপ্রেজেন্টেটিভে প্রথম দুই অভিযোগের ভোট গণনায় ঐ পরিমাণ ভোট পড়েছে বলে জানানো হয়েছে।

তবে আনুষ্ঠানিক ঘোষণা দেয়া হবে কংগ্রেসের নিম্নকক্ষ হাউজ অব রিপ্রেজেন্টেটিভসের চেয়ারের অনুমোদন দেয়ার পর। তার বিরুদ্ধে দু’টি অভিযোগের ক্ষেত্রেই অভিশংসনের জন্য প্রয়োজনীয় সংখ্যক ভোট পড়েছে প্রতিনিধি পরিষদে। প্রথম অভিযোগের ক্ষেত্রে ২৩০ ভোট পড়েছে অভিশংসনের পক্ষে এবং ১৯৭ ভোট পড়েছে বিপক্ষে।

দ্বিতীয় অভিযোগের ক্ষেত্রেও প্রয়োজনীয় ২১৬ ভোটের বেশি সংখ্যক ভোট পড়েছে। ঐ অভিযোগে অভিশংসনের পক্ষে পড়েছে ২২৯ ভোট ও বিপক্ষে ১৯৮ ভোট। যুক্তরাষ্ট্রের ইতিহাসে মি. ট্রাম্প হলেন অভিশংসিত হওয়া তৃতীয় মার্কিন প্রেসিডেন্ট। এর ফলে এখন উচ্চকক্ষ সেনেটে মি ট্রাম্পের বিচার হবে – তবে সেনেটে যেহেতু রিপাবলিকান নিয়ন্ত্রিত তাই সেখানে এটি পাস হবার সম্ভাবনা প্রায় নেই।

তার বিরুদ্ধে অভিযোগ দুটি হলো, তিনি তার পদ ব্যবহার করে তার

ডেমোক্র্যাট রাজনৈতিক প্রতিদ্বন্দ্বী জো বাইডেনের বিরুদ্ধে তদন্ত করতে ইউক্রে ইউক্রেনের ওপর চাপ সৃষ্টি করতে চেষ্টা করেছিলেন, এবং দ্বিতীয়টি হলো অভিশংসনের তদন্তকাজে সহায়তা করতে অস্বীকার করে তিনি কংগ্রেসের কাজে বাধা সৃষ্টি করেছেন। সেনেটের বিচার অনুষ্ঠিত হবে জানুয়ারি মাসে।
সুত্র: বিবিসি বাংলা